

# এইচএসসির ফল প্রকাশ, পাসের হার ৭৮.৬৪ শতাংশ



ফল প্রকাশের পর রাজশাহী কলেজের শিক্ষার্থীদের উচ্ছ্বাস। ছবি: শরিফুল ইসলাম তোতা

## সমকাল প্রতিবেদক

প্রকাশ: ২৬ নভেম্বর ২০২৩ | ১১:৩৪ | আপডেট: ২৬ নভেম্বর ২০২৩ | ১১:৫১



চলতি বছরের এইচএসসি ও সমমান পরীক্ষার ফল প্রকাশ করা হয়েছে। এ বছর দেশের ১১টি শিক্ষাবোর্ডে গড় পাসের হার ৭৮ দশমিক ৬৪ শতাংশ। রোববার সকাল ১১টায় ওয়েবসাইট ও স্ব-স্ব শিক্ষাপ্রতিষ্ঠানে ফল প্রকাশ করা হয়।

ফলাফলে বিশ্লেষণে দেখা গেছে, সব শিক্ষাবোর্ড মিলিয়ে পরীক্ষায় মোট পাস করেছেন ১০ লাখ ৬৭ হাজার ৮৫২ জন পরীক্ষার্থী। শুধু ৯টি সাধারণ শিক্ষাবোর্ড এইচএসসি পরীক্ষায় পাসের হার ৭৫ দশমিক ৯ শতাংশ।



গত বছর অর্থাৎ ২০২২ সালের এইচএসসি ও সমমান পরীক্ষায় গড় পাসের হার ছিল ৮৫ দশমিক ৯৫ শতাংশ। সেই হিসাবে এবার পাসের হার ৭ দশমিক ৩১ শতাংশ কমেছে।